নম্বর 202.26

<u>নির্বাহী আদেশ</u>

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত আইনের সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - সমস্ত নিউ ইয়র্ক স্টেটে দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

উপরন্তু এখনই, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক স্টেটের গর্ভনর যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ন্ত্রণ, অথবা এর অংশগুলির সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয় বা বিলম্ব করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার প্রয়োজন হয়, তবে আমি কার্যনির্বাহী আইনের ধারা 29-a এর অনুচ্ছেদ 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, 31 মে 2020 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্থগিত করছি:

- সাধারণ পৌরসভা আইন (General Municipal Law) এর 103 এবং 104-b ধারা, বিডের জন্য ভোটদাতাদের কাছে প্রচলিত বিজ্ঞাপন না দিয়ে এবং উপস্থিত আহরণের নীতি এবং পদ্ধতি মেনে অনুপস্থিত ব্যক্তির ব্যালটের আবেদন, অনুপস্থিত ব্যক্তির ব্যালট, খাম আহরণ এবং প্রদান করার বা ডাক মাশুল সহ অনুপস্থিত ব্যক্তির ব্যালটের আবেদন বা অনুপস্থিত ব্যক্তির ব্যালট অন্য কোনোভাবে হস্তান্তর করার ক্ষেত্রে নির্বাচনী বোর্ডকে যতদূর সম্ভব প্রয়োজনীয়তা অবলম্বন করার সুযোগ দেয়;
- শিক্ষা আইন (Education Law) এর ধারা 1804, 1906, 2002, 2022, 2601-a অনুযায়ী, যতদূর সম্ভব প্রয়োজনীয়তা সাপেক্ষে, দু হাজার কুড়ির মে মাসের তৃতীয় মঙ্গলবার হবে বলে নির্ধারিত হওয়া বার্ষিক ডিস্ট্রিক মিটিং এবং প্রত্যেক সাধারণ, ইউনিয়ন মুক্ত, কেন্দ্রীয় এবং কেন্দ্রীয় হাই স্কুল ডিস্ট্রিক্টের নির্বাচন এবং জনসংখ্যার নিরিখে একশো পঁচিশ হাজারের কম অধিবাসী থাকা শহরে অবস্থিত প্রত্যেক সিটি হাই স্কুল ডিস্ট্রিক্টের বার্ষিক মিটিং, এতদ্বারা স্থগিত করা হয়েছে এবং 9ই জুন 2020 পরে পুনঃসূচিত করা হয়েছে, যা স্টেটব্যাপী অভিন্ন ভোটদানের দিন হিসাবে গণ্য হবে;
- শিক্ষা আইনের 2003, 2004, 2022, 2601-a ধারা, কত সংখ্যক আবশ্যক প্রকাশনা দুই বলে বিবেচিত হবে এবং প্রথম প্রকাশনাটিকে নির্বাচন হওয়ার 28 দিনের মধ্যে হওয়া আবশ্যক তা ব্যতীত বার্ষিক মিটিংয়ের প্রস্তাবিত পদ্ধতিতে এই ধরনের প্রত্যেকটি স্কুল ডিস্ট্রিক্টের ট্রাস্টি বা শিক্ষা বোর্ডকে এই ধরনের মিটিং স্থগিতাদেশ সম্বন্ধে বিজ্ঞপ্তি প্রদান করার যতদূর সম্ভব প্রয়োজনীতা অবলম্বন করে, এবং এই ধরনের বিজ্ঞপ্তিতে স্থগিত হওয়া বাজেটের শুনানি প্রদান করতে হবে। প্রত্যেক স্কুল ডিস্ট্রিক্ট সমস্ত যোগ্য ভোটারদের ব্যবস্থা করতে পারলে, এই ধরনের স্থগিত হওয়া মিটিং দূরবর্তী স্থানে বসে করা যেতে পারে এবং কেবলমাত্র অনুপস্থিত ব্যক্তির ব্যালট ব্যবহার করে

যোগ্য ভোটদাতারা এই ধরনের স্থগিত হওয়া নির্বাচনে ভোট দিতে পারবেন। প্রত্যেক ডিস্ট্রিক্টকে পোস্টকার্ড বিজ্ঞপ্তি পাঠাবেন যাতে নির্বাচনের তারিখ, বাজেট শুনানির তারিখ, যোগ্য ভোটদাতা হওয়ার সংজ্ঞার বিশদ তথ্য এবং একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালট থাকবে। স্থগিত হওয়া ডিস্ট্রিক্ট মিটিং বা ডিস্ট্রিক্ট মিটিং এবং নির্বাচন সমস্ত উদ্দেশ্যে ডিস্ট্রিক্টের বার্ষিক মিটিং বা বার্ষিক মিটিং ও নির্বাচন হিসাবে গণ্য হবে;

- শিক্ষা আইনের 1608 এবং 1716 ধারায় প্রয়োজনীয়তা অনুসারে যথোপযুক্ত ব্যবস্থা নিয়েছে যাতে মুলতুবী হওয়া মিটিংয়ের অন্তত 18 দিন আগে স্টেটের শিক্ষা দপ্তর (State Education Department)-এ রিপোর্ট কার্ডগুলি জমা দেওয়ার সুযোগ দেওয়া যায়, এবং মুলতুবী হওয়া মিটিংয়ের তারিখের সাত দিন আগে 2রা জুন, 2020 তারিখের মধ্যে বৈদ্যুতিকভাবে দপ্তর এটির সংকলন উপলব্ধ করে;
- শিক্ষা আইনের 2018-a এবং 2018-b ধারা সাময়িকভাবে স্থগিত এবং এতদ্বারা COVID-19 এর প্রকোপ এবং কম্যুনিটিতে ব্যাপ্তির কারণে অবস্থা সাপেক্ষে সংশোধিত, যেখানে COVID-19 ভাইরাস সংক্রমণের সম্ভাবনা আছে এমন ব্যক্তিদের অস্থায়ী অসুস্থতা আছে বলে গণ্য করা হবে;
- এতদ্বারা শিক্ষা আইনের 2018-a এবং 2018-b ধারা, কেবলমাত্র 30শে জুন, 2020 তারিখে বা তার আগে হওয়া কোনো নির্বাচনের উদ্দেশ্যে সংশোধিত হয়েছে, যে অনুযায়ী প্রত্যেক যোগ্য ভোটাদাতাকে ডাক মাশুলে অর্থ পরিশোধিত ফেরৎ পাঠানোর খাম সমেত একটি করে অনুপস্থিত ব্যক্তির ব্যালট পাঠাতে হবে;
- শিক্ষা আইনের 2018, 2032 এবং 2608 ধারা ব্যালটে প্রার্থীদের বর্ণানুক্রমে তালিকাভুক্ত করার এবং ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলির জন্য সেই ব্যালটগুলি নির্বাচন হওয়ার 30 দিন আগে সেট করার জন্য যতদূর সম্ভব প্রয়োজনীয়তা অবলম্বন করার সুযোগ দেয়;
- শিক্ষা আইনের 2018 এবং 2608 ধারা স্বাক্ষরের আবশ্যিকতা, প্রযোজ্যতার ন্যূনতম সূত্র দূরীভূত করার যতদূর সম্ভব প্রয়োজনীয়তা অবলম্বন করার সুযোগ দেয়, তবে, একজন ব্যক্তির ব্যালটে দেওয়া প্রযোজ্য আবাসন এবং বয়স সম্পর্কিত কোনো আবশ্যিকতা সমেত অন্য যেকোনো আবশ্যিকতা পূরণ করতে হবে;
- শিক্ষা আইনের 260 ধারা এই ধারা অনুযায়ী বিজ্ঞপ্তি দেওয়া একটি নির্বাচনের পুনরায়-বিজ্ঞপ্তি দিতে স্কুল ডিস্ট্রিক্টের তৈরি এবং সমর্থিত সরকারি গ্রন্থাগারগুলিকে অনুমতি দেওয়ার যতদূর সম্ভব প্রয়োজনীয়তা অবলম্বন করে। এই ধরনের নির্বাচন এবং/অথবা বাজেট নির্বাচন স্কুল ডিস্ট্রিক্টের পুনঃসূচিত অনুপস্থিত ব্যক্তির ব্যালট প্রক্রিয়ার সাথে অনুপস্থিত ব্যক্তির ব্যালটের সংমিশ্রণের মাধ্যমে বা স্কুল ডিস্ট্রিক্টের অনুপস্থিত ব্যক্তির ব্যালট প্রক্রিয়ার জন্য তৈরি করা নির্দেশিকা ব্যবহার করে স্বতন্ত্রভাবে পরিচালিত হবে। এই ধরনের কোনো ভোট গ্রন্থাগারের অনুরোধে স্কুল ডিস্ট্রিক্ট বা গ্রন্থাগারটি পরিচালনা করতে পারে। উপরন্তু, কোনো স্কুল বোর্ড ট্রাস্ট্রির পিটিশন/আবেদনের জন্য তৈরি হওয়া একই ব্যবস্থাপনাগুলি একটি গ্রন্থাগারের বোর্ড ট্রাস্ট্রির পিটিশন/আবেদনে প্রযোজ্য হবে;
- শিক্ষা আইনের 259 (1) ধারা স্কুল ডিস্ট্রিক্টের বাজেট ভোট পরিচালনায় ব্যবহৃত অনুপস্থিত ব্যক্তির ব্যালটকে স্থান দিতে সরকারি অথবা সংশ্লিষ্ট গ্রন্থাগারগুলির জন্য প্রযোজ্য স্কুল ব্যালট ফান্ডিংয়ের প্রস্তাবনা নিয়ে যতদূর সম্ভব প্রয়োজনীয়তা অবলম্বন করে;
- শিক্ষা আইনের 259 এবং 260 ধারা এতদ্বারা 1লা জুলাই, 2020 তারিখে বা তার আগে কোনো গ্রন্থাগারের জন্য সংগঠিত হওয়া নির্বাচনের সাপেক্ষে সংশোধিত হয়েছে যাতে কোনো আবেদনের জন্য অনুপস্থিত ব্যক্তির ব্যালট অ্যাক্সেস করার আবশ্যিকতা বাদ দেওয়া যায়, এবং এই ধরনের যোগ্য ভোটদাতাদের ডাক মাশুলে পরিশোধিত ফেরৎ দেওয়ার খাম সমেত একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালট পাঠানো হবে;
- এই কার্যনির্বাহী আদেশ অনুযায়ী 15ই সেপ্টেম্বর, 2020 তারিখে হতে চলা কোনো গ্রাম নির্বাচন হওয়ার সাথে সম্পর্কিত নির্বাচন আইনের দফা 6 এবং 15 সাময়িকভাবে স্থগিত করা হয়েছেন এবং অন্যথায় নিম্নরূপে সংশোধিত করা হয়েছে:
  - মার্চ, এপ্রিল, মে বা জুনে হবে বলে পূর্ব নির্ধারিত যেকোনো গ্রাম নির্বাচন 15ই সেপ্টেম্বর, 2020-তে হবে।
  - যে গ্রাম নির্বাচনগুলি এই কার্যনির্বাহী আদেশের নির্দেশ অনুযায়ী 15ই সেপ্টেম্বর 2020 হবে বলে নির্ধারিত, সেগুলির জন্য সমস্ত পার্টির নমিনেশন পার্টির ককাস বা সমিতিকে করতে হবে, যা এই পার্টির প্রধানের ঘোষণা অনুযায়ী দূরবর্তী স্থান থেকে করা যেতে পারে এবং যেটি 20শে, আগস্ট, 2020 তারিখের মধ্যে করতে হবে এবং এই ধরনের সমিতির থেকে পাওয়া নমিনেশনের শংসাপত্র ও বিধিবৎ অস্বীকার বা স্বীকৃতির শংসাপত্র 22শে আগস্ট, 2020 তারিখের পরে দাখিল করা যাবে না এবং বিধিবৎ অস্বীকারের শংসাপত্র একবার জমা দেওয়া হয়ে গেলে কোনো বিকল্প ব্যক্তিকে অনুমতি দেওয়া হবে না।
  - ভবিষ্যতের কার্যনির্বাহী আদেশ দ্বারা নির্ধারিত প্রক্রিয়া সাপেক্ষে, সেপ্টেম্বর 2020-র আগে পূর্বনির্ধারিত একটি গ্রাম নির্বাচনের জন্য যে সমস্ত স্বতন্ত্র নমিনেশন, এখন 15ই সেপ্টেম্বর 2020 অনুষ্ঠিত হবে বলে ঠিক হয়েছে, তা NY-এর কার্যকলাপ যতদিন পর্যন্ত স্থগিত ততদিন পর্যন্ত বিলম্বিত হবে।
  - মূলত 2020 সালের মার্চ, এপ্রিল, মে বা জুন মাসের কোনো তারিখে সূচিত হওয়া যে গ্রাম নির্বাচনের সেই সময় ব্যালটপত্র সমপূর্ণভাবে নির্ধারিত হয়ে গেছিল অথচ কার্যনির্বাহী আদেশের মাধ্যমে বিলম্বিত, সেগুলির ক্ষেত্রে এই সময় এই কার্যনির্বাহী আদেশ অনুযায়ী একই ব্যালটপত্র ব্যবহার করা যাবে যা আগের নির্বাচনে ব্যবহৃত হত, এবং যদি এই ধরনের

ব্যালটপত্র ইতিমধ্যে মুদ্রিত হয়ে যায়, তাহলে সেই ব্যালটগুলিতে নির্বাচনের আসল তারিখ অন্য থাকলেও 15ই সেপ্টেম্বর 2020 এর নির্বাচনে সেগুলি ব্যবহার করা হতে পারে।

  - নির্বাচন আইন বা গ্রামীন আইনের যেকোনো ব্যবস্থা এমনভাবে পরিচালনার জন্য পক্ষান্তরে প্রযোজ্য যাতে মার্চ, এপ্রিল, মে বা জুনে আয়োজিত কোনো নির্বাচন 2020 সালের 15ই সেপ্টেম্বর নির্বাচনের তারিখে প্রযোজ্য হয়।
  - নির্বাচন আইনের 15-126 ধারা অনুযায়ী বা নির্বাচনী বোর্ডের প্রত্যয়ন অনুযায়ী গ্রামীন ক্লার্কের কাছে যত তাড়াতাড়ি পূর্ণ আলোচনার বিবৃতি (statement of canvass) দাখিল করা হবে ততই দ্রুত 15ই সেপ্টেম্বর 2020 সালে পুনঃসূচিত নির্বাচনে নির্বাচিত গ্রামীন আধিকারিকরা নিজ অফিস শুরু করবেন, এবং আসলে নির্ধারিত নির্বাচনে নির্বাচিত হলে যে সময়সীমা হতো সেই অনুযায়ীই এই ধরনের আধিকারিকদের অফিসের মেয়াদ নির্ধারিত হবে।
  - কার্যনির্বাহী আদেশের মাধ্যমে অতীতে বিলম্বিত হওয়া এমন যে গ্রাম নির্বাচনের জন্য ব্যালটের অ্যাক্সেস সেই সময় স্থগিতকরণের জন্য সম্পূর্ণ হয়নি, সেগুলি 15ই সেপ্টেম্বর, 2020-তে প্রযোজ্য ব্যালট অ্যাক্সেস ব্যবস্থার নিয়ম মেনে স্বতন্ত্রভাবে পরিচালিত হবে।

- ধারা 8-406 যতদূর সম্ভব সংশোধিত করা হয়েছে যাতে 23শে জুন 2020 তারিখে অনুষ্ঠিত হতে চলা কোনো প্রাথমিক (primary) বা বিশেষ (special) নির্বাচনের জন্য অনুপস্থিত ব্যক্তির ব্যালট একজন ভোটদাতাকে পাঠাতে তার সাথে ডাক মাশুলে পরিশোধিত ফেরৎ পাঠানোর থাম পাঠানো হয়।
- অনুপস্থিত ব্যক্তির ব্যালটের পূর্ণ আলোচনার সাথে সম্পর্কিত নির্বাচন আইনের 9-209 ধারাটি সংশোধন করা হয়েছে যাতে এমন কোনো ভোটদাতার জমা দেওয়া কোনো অনুপস্থিত ব্যক্তির ব্যালটে অনুমতি দেওয়া যায় যে এই ধরনের ব্যালট নির্বাচনের তারিখ বাতিল হওয়ার আগে অনুরোধ করেছিলেন এবং তারপর COVID-19 সম্পর্কিত সর্বজনীন স্বাস্থ্য বিষয়ক আপৎকালীন অবস্থার কারণে তারিখটি পুনঃসূচিত হয়েছে, এক্ষেত্রে অন্য কোনোভাবে অবৈধ না হলে সেটি গণনা করা হবে এবং পূর্ণ আলোচিত হবে, যদি না এই ধরনের ভোটদাতা পুনঃসূচিত হওয়া নির্বাচনের দিন ভোট এসে উপস্থিত হন অথবা এই ধরনের ভোটদাতা পরবর্তী অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ করেন এবং ফেরৎ দেন;
- অনুপস্থিত ব্যক্তির ব্যালটের সাথে সম্পর্কিত নির্বাচন আইনের 8-410 ধারাটি 1লা জুলাই, 2020-র আগে অনুষ্ঠিত হওয়া কোনো নির্বাচনের জন্য যতদূর সম্ভব সংশোধন করা হয়েছে, যার মধ্যে রয়েছে ভোটদাতাদের কাছে অনুপস্থিত ব্যক্তির ব্যালট হস্তান্তর বা ডাকযোগে পাঠানোর বিষয়, নির্বাচনী বোর্ডের নিজস্ব অফিসে এমন একটি ভোটিং ব্যবস্থা প্রদান এবং রক্ষণাবেক্ষণ করবে যেটি সেই ভোটদাতাদের কাছে সহজলভ্য হবে যারা নিজেদের ব্যালট ব্যক্তিগত এবং স্বতন্ত্রভাবে চিহ্নিত করতে চান, এবং শর্তমতে এই পরিষেবার উপলভ্যতা সম্বন্ধে প্রত্যেক নির্বাচনী বোর্ডের ওয়েবসাইটে পোস্ট করতে হবে;
- নির্বাচনী আইনের ধারা 16-108 নির্বাচন দিবসে নির্বাচনী বিষয়ে শুনানির জন্য নিযুক্ত সুপ্রিম কোর্টের যেকোনো বিচারকে অনুমতি দিতে সংশোধিত হয়েছে যাতে টেলিফোনের মাধ্যমে বা ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই ধরনের বিষয়গুলির শুনানি সম্ভবপর হয় বা সিদ্ধান্ত নির্ধারণ করা যায় এবং নির্বাচনী বোর্ডে সশরীরে উপস্থিত হওয়ার প্রয়োজন না হয়;
- নির্দিষ্ট কিছু কেন্দ্রে বসবাসরত ভোটদাতাদের অনুপস্থিত ব্যক্তির ব্যালট প্রদানের সাথে সম্পর্কিত নির্বাচনী আইনের ধারা 8-407 যতদূর সম্ভব সংশোধিত হওয়ার ফলস্বরূপ নির্বাচনী আইনের 8-407 ধারায় বর্ণনা অনুযায়ী বোর্ডের ইন্সপেক্টরদের উপস্থিত হতে এবং/অথবা পরিদর্শনে যেতে হবে না, এবং 1লা জুলাই, 2020 তারিখে বা তার আগে অনুষ্ঠিত হওয়া কোনো প্রাইমারি বা নির্বাচনের জন্য কেন্দ্রগুলির আবাসিকদের কাছে সশরীরে ব্যালটপত্র সরবরাহ করতে হবে না, একইভাবে নির্বাচনী আইনের দফা 8 এর টাইটেল 4 অনুযায়ী, এই ধরনের কেন্দ্রগুলিতে বসবাসরত ভোটাদাতাদের কাছে অনুপস্থিত ব্যক্তির ব্যালটপত্র ডাকযোগে পাঠানো বা হাতে-হাতে প্রদান করার বদলে অনুপস্থিত ব্যক্তির ব্যালটগুলি অন্যান্য অনুপস্থিত ভোটদাতাদের কাছে সরবরাহ করা হবে; এবং
- স্থানীয় ব্যক্তির সশরীরে নিবন্ধন সম্বন্ধে নির্বাচনী আইনের ধারা 5-204 যতদূর সম্ভব সংশোধিত হয়েছে যাতে পোল সাইটে স্থানীয় ব্যক্তির সশরীরে নিবন্ধনের জন্য মিটিংগুলি 2020 অনুষ্ঠিত না হয়।

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুচ্ছেদ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 31 মে 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- সীমিত না হলেও দমকল, গ্রন্থাগার, নর্দমা বা জল সমেত এমন কোনো ডিস্ট্রিক্ট বা বিশেষ ডিস্ট্রিক্ট একটি নির্বাচন এবং/অথবা বাজেট ভোট পরিচালনা করলে, সেগুলি 15ই সেপ্টেম্বর, 2020 তারিখে পুনঃসূচিত হবে এবং ভবিষ্যতের কার্যনির্বাহী আদেশের দ্বারা নির্ধারিত প্রক্রিয়া সাপেক্ষে, মনোনয়ন করা পিটিশন/আবেদনগুলির জন্য স্বাক্ষর সংগ্রহ এতদ্বারা পরবর্তী বিজ্ঞপ্তি না আসা পর্যন্ত স্থগিত থাকবে; শর্তমতে যদিও, এই কার্যনির্বাহী আদেশ অনুযায়ী এই ধরনের

নির্বাচন কোনো স্কুল ডিস্ট্রিক্ট ব্যবস্থাপনার অধীনস্থ হলে, একটি লাইব্রেরি ডিস্ট্রিক্ট 9ই জুন, 2020 একটি নির্বাচনের ব্যবস্থা করতে পারে।

- নির্বাচনী আইনের 6-138 ধারা অনুযায়ী, যেকোনো অফিসের জন্য যেকোনো স্বতন্ত্র মনোনীত পিটিশন/আবেদনের সার্কুলেশন, দাখিল এবং সংগ্রহ যা অন্যভাবে নির্বাচনী আইন অনুযায়ী বা কার্যনির্বাহী আদেশ 202.13-তে প্রদান করা কোনো বিশেষ নির্বাচনের জন্য সার্কুলেট বা দাখিল করা হতো, তা পরবর্তী বিজ্ঞপ্তি না আসা পর্যন্ত ক্রমাগত মুলতবি থাকবে এবং ভবিষ্যতের কার্যনির্বাহী আদেশ সাপেক্ষ।
- 2020-র মার্চে মুলতবি হওয়া, বা 16ই জুন, 2020 তারিখে নির্ধারিত হওয়া, বা 15ই সেপ্টেম্বর, 2020 তারিখের আগে কোনো সময় সূচিত হওয়া যেকোনো গ্রাম নির্বাচনকে এতদ্বারা 15ই সেপ্টেম্বর 2020 তারিখের জন্য পুনঃসূচিত করা হয়েছে।
- কার্যনির্বাহী আদেশ 202.23 সংশোধন করা হয়েছে যাতে এটি স্পষ্ট করা যায় যে সক্রিয় এবং/অথবা নিষ্ক্রিয় স্থিতি থাকা এমন যেকোনো ভোটদাতা 23শে জুন, 2020 তারিখে অনুষ্ঠিত হতে চলা কোনো প্রাথমিক (primary) বা বিশেষ (special) নির্বাচনে ভোটদানের যোগ্য, যিনি 23শে জুনের বিশেষ নির্বাচন বা প্রাথমিক নির্বাচনের জন্য টেলিফোনের মাধ্যমে অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করেছেন, তাকে ডাক মাশুলে পরিশোধিত ফেরৎ পাঠানোর খাম সমেত একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালট পাঠানো হবে: শর্তমতে যদিও প্রত্যেক ভোটদাতাকে একটি ব্যালটের বেশি পাঠানো হবে না, এবং ব্যালট পাওয়া আগে বা পাওয়ার সময় পাশাপাশি আবেদনপত্র সম্পূর্ণ করার আবশ্যকতা নেই। উপরন্তু, টেলিফোনের অনুরোধ পাওয়া নির্বাচনী বোর্ড টেলিফোনের মাধ্যমে কোনো অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য করা অনুরোধগুলির একটি রেকর্ড বজায় রাখবে এবং ভোটদাতাদের অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধের তরফ থেকে এই ধরনের রেকর্ডের হিসাবে অনুপস্থিত ব্যক্তির ব্যালটের আবেদন সম্পূর্ণ করতে পারে, তবে কোনো কারণবশত কোনো ব্যালট অনুপস্থিত ব্যক্তির ব্যালটের আবেদন সম্পূর্ণ না হওয়ার ঘাটতির জন্য অবৈধ হিসাবে গণ্য হতে পারবে না।

আমার স্বহস্তে এবং স্টেটের সরকারি সিলমোহর সহ

অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের

মে মাসের এক তারিখে এটি প্রদান করা

হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব